


মাঠপর্যায়ের কার্যক্রমের ই-মনিটরিং রিপোর্ট

- ই-মনিটরিং এর তারিখ : ২০/০৬/২০২২
- ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী : মোহাম্মদ শহীদুল্লাহ, উপসচিব (উ: ১)।
- ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম : উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ফেনী।
- ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম : নাছরীন আক্তার, উপপরিচালক (অ: দা:),
এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী : মহিলা বিষয়ক অধিদপ্তর, ফেনী।
- ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিলক্ষিত বিষয়সমূহ :

অদ্য উপপরিচালকের কার্যালয়, ফেনী ই-মনিটরিং করা হলো। উপপরিচালক জানান যে, কোভিড-১৯ জনিত পরিস্থিতি নিয়ন্ত্রনে চলমান বিধি-নিষেধের কারণে 'জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ' এর আওতায় ০৩ মাস মেয়াদে প্রশিক্ষণ কার্যক্রম চলছে। চলতি ২০২১-২২ অর্থবছরে মার্চ ২০২২ পর্যন্ত ০৩ টি ব্যাচে ৩০০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ৪র্থ ব্যাচে ১০০ জনের প্রশিক্ষণ চলছে। চুক্তিবদ্ধ এনজিও কর্তৃক ভিজিডি, ল্যাকটেটিং মাদার ও মাতৃত্বকাল ভাতা বিতরণ কার্যক্রমের আওতায় সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ শুরু হয়েছে। ভিজিডি কর্মসূচির আওতায় ২০২১-২২ ফেনী সদর উপজেলায় ১২০০ জন উপকারভোগীকে মাসিক ৩০কেজি হারে চাল বিতরণ করা হচ্ছে। জুলাই ২০২১- জুন ২০২২ সময়ে ৪৩২ মে: টন খাদ্য শস্য বিতরণ করা হয়েছে। ল্যাকটেটিং মাদার কর্মসূচির আওতায় ফেনী পৌরসভায় ৮০০ জন কর্মজীবী মা'কে ৩ বছর মেয়াদে মাসিক ৮০০ টাকা হারে ভাতা প্রদান করা হচ্ছে। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা কর্মসূচির আওতায় ফেনী সদর উপজেলায় ১৫২৪ জন দরিদ্র মা'কে ৩ বছর মেয়াদে মাসিক ৮০০ টাকা হারে ভাতা প্রদান করা হচ্ছে। ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় এ যাবৎ ২৫২ জনকে ৩১,০৪,৫০০.০০ টাকা বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার ৮৪%। করোনার কারণে ঋণের কিস্তি আদায় ব্যহত হয়েছে। উপপরিচালক (অ: দা:), মহিলা বিষয়ক অধিদপ্তর, ফেনী জেলা ও প্রোগ্রাম অফিসার যৌতুক, বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধ, নারী ও শিশু পাচার রোধ, মাদক প্রতিরোধসহ স্কুলগামী কিশোর কিশোরীরা যাতে ইভ-টিজিং এর শিকার না হয় সে লক্ষ্যে নিয়মিত উঠান বৈঠক আয়োজন করেন।

মন্তব্য/সুপারিশ :

বিভাগীয় কার্যক্রমসহ সকল কার্যক্রম ই-নথি ও অনলাইনে করার সুপারিশ করা হলো।


(মোহাম্মদ শহীদুল্লাহ)
উপসচিব (উ: ১)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়